# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 15 April, 2025

বাংলা নববর্ষ ১৪৩২ উপলক্ষ্যে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালার অন্তর্ভুক্ত সেবা কর্মীদের জন্য নববর্ষের উপহার হিসেবে ‘আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫’ প্রণয়ন করেছে সরকার।

নীতিমালায় মাসিক পরিষেবা ফি বৃদ্ধির পাশাপাশি উৎসব বোনাস, মাতৃত্বকালীন ছুটি এবং পেনশনের মতো সুবিধা প্রদানের ব্যবস্থা রয়েছে বলে অর্থ মন্ত্রণালয় থেকে প্রকাশিত মঙ্গলবার এক প্রেস বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়েছে।

অর্থ মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের বিশেষ বাংলা নববর্ষের উপহার হিসেবে উল্লিখিত এই নীতিমালার লক্ষ্য আউটসোর্সিংয়ের মাধ্যমে দক্ষ, স্বচ্ছ, জবাবদিহিমূলক এবং উচ্চমানের পরিষেবা নিশ্চিত এবং পাশাপাশি সেবা কর্মীদের অনুপ্রাণিত করা।

গৃহীত নীতিমালায় পাঁচটি সাধারণ বিভাগ এবং তিনটি বিশেষায়িত সেবা ক্ষেত্রে মাসিক পরিষেবা ফি বৃদ্ধি অন্তর্ভুক্ত রয়েছে।এতে বলা হয়েছে, দুটি বার্ষিক উৎসবে সেবা কর্মীরা তাদের মাসিক পরিষেবা ফি’র ৫০ শতাংশ বোনাস পাবেন।বাংলা নববর্ষে তারা তাদের মাসিক পরিষেবা ফি-এর ২০ শতাংশের সমপরিমাণ বৈশাখী ভাতাও পাবেন।

নীতিমালায় চাকরিজীবীদের জন্য ১৫ দিনের বার্ষিক ছুটির ব্যবস্থাও করা হয়েছে এবং তাদের নিজ নিজ প্রতিষ্ঠানে মূল কাজের দায়িত্ব সম্পর্কিত প্রশিক্ষণ বাধ্যতামূলক করা হয়েছে।প্রতি অর্থবছরে, প্রতিটি চাকরিজীবীকে দুই সেট ইউনিফর্ম প্রদান করা হবে, যা তাদের কর্তব্যরত অবস্থায় পরতে হবে।

যেসব কাজ নারী সেবাকর্মী সংশ্লিষ্ট সেসব কাজে নারী কর্মীদের জন্য নীতিমালায় ৪৫ দিনের মাতৃত্বকালীন ছুটি মঞ্জুর করা হয়েছে।

নীতিমালায় সেবাজীবীদের জন্যও আর্থিক সুরক্ষার ওপর জোর দেওয়া হয়েছে।জাতীয় পেনশন কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত সর্বজনীন পেনশন প্রকল্পে সেবাজীবীরা নিজেদের নাম নথিভুক্ত করতে পারবেন।মাসিক অর্থ সরাসরি কর্মীদের ব্যাংক অ্যাকাউন্টে অথবা মোবাইল আর্থিক পরিষেবা (এমএফএস) এর মাধ্যমে প্রদান এবং পরবর্তী মাসের প্রথম সপ্তাহের মধ্যে বিতরণ করা হবে।

নীতিমালায় আরো উল্লেখ করা হয়েছে, সেবাকর্মীর মাসিক সেবামূল্য ও প্রণোদনা অর্থ বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশনা অনুযায়ী নির্ধারিত হবে।সেবা ক্রয়কারী কর্তৃক ঘোষিত নির্ধারিত সেবাঘণ্টা, সেবাকর্মীর সেবা সময় হিসাবে বিবেচিত হবে।

যদি কাজের মানদণ্ডের বাইরে অতিরিক্ত পরিষেবার প্রয়োজন হয়, তাহলে অর্থ বিভাগের অনুমোদন সাপেক্ষে চুক্তি অনুসারে অতিরিক্ত পারিশ্রমিক মঞ্জুর করা যেতে পারে।

বাংলা নববর্ষ অন্তর্বর্তী সরকার আউটসোর্সিং

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:38

URL: https://www.timestodaybd.com/public/national/778482831